



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে শীতাত্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০১ জানুয়ারি ২০২২।

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শীতাত্তদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের অফিসার্স এসোসিয়েশনের উদ্যোগে এই শীতবস্ত্র বিতরণ করা হয়। ১ জানুয়ারি ২০২২ তারিখ দুপুর ১২ টায় প্রশাসনিক ভবন ১ এর নিচ তলায় কর্মসূচির উদ্বোধন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, এই শীতবস্ত্র বিতরণের মাধ্যমে শীতাত্তদের কিছুটা দুঃখ লাঘব হবে। এসময় উপাচার্য মহোদয় সমাজের বিত্তবান ও বিভিন্ন সামাজিক সংগঠনকে অসহায় মানুষের পাশে দাড়ানোর আহবান জানান। অফিসার্স এসোসিয়েশনের সভাপতি বরিশাল বিশ্ববিদ্যালয়ের নির্বাহী প্রকৌশলী মুরশীদ আবেদীনের সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অ.দা.) অধ্যাপক ড. মুহসিন উদ্দীন, অফিসার্স এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অফিসার্স এসোসিয়েশনের সাধারণ সম্পাদক পরিকল্পনা ও উন্নয়ন শাখার সহকারী পরিচালক আবু হাচান। শীতবস্ত্র বিতরণ কর্মসূচির সার্বিক সহযোগিতায় ছিলো এফএআর গ্রুপ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)  
জনসংযোগ অফিস